



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর
(dae.rangpurdiv.gov.bd)



স্মারক নং-১২.০১.৮৫০০.০০৯.০০১.০৪.০০০১.২৬. ২১১৬(৬)

তারিখঃ ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

“অভিযোগনামা (প্রথম কারণ দর্শানোর নোটিশ)”

আপনি জনাব মোঃ নাজমুল হোসেন, নিরাপত্তা প্রহরী, উপজেলা কৃষি অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা গত ২৭/০৪/২০২৫ তারিখ উপজেলা কৃষি অফিস, সাদুল্লাপুর, গাইবান্ধা হতে বদলিজনিত কারণে ছাড়পত্র প্রাপ্তির প্রায় ০১ বছর ০২ মাস ১৫ দিন পর ১৬/০৭/২০২৬ তারিখ উপজেলা কৃষি অফিস, পলাশবাড়ী, গাইবান্ধায় যোগদান করেন। বিলম্বে যোগদানের জন্য অসুস্থতার যে বর্ণনা দিয়েছেন তা চিকিৎসকের প্রেসক্রিপশনের সাথে মিলে নাই। এছাড়াও আপনার প্রত্যেকটি কর্মক্ষেত্রে ছুটি, ছুটির হিসাব, বেতন, হাজিরা রেজিস্টার, সার্ভিস বহি যথাযথভাবে লিপিবদ্ধ হয়নি। আপনি চাকরির শুরু থেকে প্রত্যেকটি কর্মক্ষেত্রে অননুমোদিত অনুপস্থিত ছিলেন; যা আপনার অভ্যাসগত। একজন সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর এহেন কার্যকলাপ মোটেও কাম্য নহে।

যেহেতু আপনি বিভিন্ন কর্মস্থলে ০৩ বছর ২৬ দিন (যা ৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনানুমোদিত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু আপনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু কর্মকালীন সময়ে আপনাকে কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই কর্মস্থলে অনুপস্থিতির কারণে বহুবার কৈফিয়ত তলব করা হলেও তার কোনটিরও সন্তোষজনক জবাব দেননি;

যেহেতু আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল), বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর সামিল ও শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু উল্লিখিত কার্যকলাপের জন্য আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল), বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করে মামলা নং-০২/২০২৬ রুজু করা হলো এবং একই বিধিমালার বিধি- ৪(৩)(ঘ) অনুযায়ী কেন আপনাকে “চাকরি হতে বরখাস্তকরণ” দণ্ড এবং এই বিধির বিধানমতে অন্য যে কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না, তা উক্ত বিধিমালার বিধি ৭(১)(খ) অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তার কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। আপনি ব্যক্তিগত স্তন্যনিতে অগ্রহী কিনা তাও জবাবে উল্লেখ করতে আপনাকে নির্দেশ দেয়া হলো।

যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

প্রাপক
মোঃ নাজমুল হোসেন
নিরাপত্তা প্রহরী
উপজেলা কৃষি অফিস
পলাশবাড়ী, গাইবান্ধা।

স্থায়ী ঠিকানা :
নামঃ মোঃ নাজমুল হোসেন
পিতাঃ মোঃ ইমাম হোসেন
গ্রামঃ আরাজী কানুয়া
পোঃ ভায়ার হাট
উপজেলাঃ কাউনিয়া
জেলাঃ রংপুর।

(ড. এস, এম, আবু বকর সাইফুল ইসলাম)

অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর
ই-মেইল : adaerang@gmail.com

২৬/০৭/২৬

অনুলিপি কার্যার্থে :

১। উপজেলা কৃষি অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা (প্রাপ্তিস্বীকার প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
দৃষ্টি আকর্ষণ : উপপরিচালক (লিগ্যাল ও সার্পেট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫। পত্রখানা ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।
- উপজেলা হিসাবরক্ষণ অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।
- অফিস কপি।

“অভিযোগ বিবরণী”

জনাব মোঃ নাজমুল হোসেন, নিরাপত্তা প্রহরী, উপজেলা কৃষি অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা গত ২৭/০৪/২০২৫ তারিখ উপজেলা কৃষি অফিস, সাদুল্লাপুর, গাইবান্ধা হতে বদলিজনিত কারণে ছাড়পত্র প্রাপ্তির প্রায় ০১ বছর ০২ মাস ১৫ দিন পর ১৬/০৭/২০২৬ তারিখ উপজেলা কৃষি অফিস, পলাশবাড়ী, গাইবান্ধায় যোগদান করেন এবং বিলম্বে যোগদানের জন্য অসুস্থতার যে বর্ণনা দিয়েছেন তা চিকিৎসকের প্রেসক্রিপশনের সাথে মিলে না। তাঁর প্রত্যেকটি কর্মক্ষেত্রে ছুটি, ছুটির হিসাব, বেতন, হাজিরা রেজিস্টার, সার্ভিস বহি যথাযথভাবে লিপিবদ্ধ হয়নি এবং চাকরির শুরু থেকে প্রত্যেকটি কর্মক্ষেত্রে অননুমোদিত অনুপস্থিত ছিলেন।


আপনি জনাব মোঃ নাজমুল হোসেন ০৩ বছর ২৬ দিন (যা ৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনানুমোদিত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন ;

আপনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন, যা অভ্যাসগত ;

আপনাকে কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই কর্মস্থলে অনুপস্থিতির কারণে বহুবার কৈফিয়ত তলব করা হলেও আপনি কোনটিরও সন্তোষজনক জবাব দেননি ;

জনাব মোঃ নাজমুল হোসেন এর এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল), বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর সামিল ও শাস্তিযোগ্য অপরাধ;

এমতাবস্থায় উক্ত কার্যকলাপের জন্য জনাব মোঃ নাজমুল হোসেন, নিরাপত্তা প্রহরী, উপজেলা কৃষি অফিস, পলাশবাড়ী, গাইবান্ধাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল), বিধিমালা-২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো।


(ড. এস, এম, আবু বকর সাইফুল ইসলাম)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর
ই-মেইল : adaefang@gmail.com।
